

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৪.৭৩.০১২.২৩ নথির বিষয়: Raising of Manhole & Fitting Fixing of Manehole Cover at Holding No-50 SK Das Road, 53 Sk Das Road, 20 Distrillary Road & 39/1 Distrillary Road Gendaria Area Under Mods Zone-1 Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Raising of Manhole & Fitting Fixing of Manehole Cover at Holding No-50 SK Das Road, 53 Sk Das Road, 20 Distrillary Road & 39/1 Distrillary Road Gendaria Area Under Mods Zone-1 Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২০/৭/২৩ ৪:১১ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর আওতাধীন বিষয়ে বর্ণিত হোল্ডিংসমূহের সামনের রাস্তায় বিদ্যমান সুয়ার লাইনের ম্যানহোল কভার সমূহ ভেঙ্গে গেছে। এ মর্মে ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২-এ অভিযোগ পাওয়া যায় (বিবেচ্য সংযুক্তি: (২) ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ সদয় দ্রষ্টব্য)। প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে সহকারী প্রকৌশলী সহ সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় উল্লেখিত হোল্ডিংসমূহের ম্যানহোল কভারগুলি ভেঙ্গে গেছে এবং ম্যানহোলের উপরাংশের দেওয়াল গুলি নড়বড়ে হয়ে গেছে। ফলে সংশ্লিষ্ট এলাকায় দুর্গন্ধ ছড়িয়ে পরছে এবং যানবাহন ও পথচারী চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। ম্যানহোল গুলিতে সাময়িক ভাবে বাঁশের মধ্যে লাল কাপড় বেধে রাখা হয়েছে। বর্ণিত হোল্ডিং এর ম্যানহোল গুলিতে দ্রুত ম্যানহোল কভার স্থাপন সহ ম্যানহোলের দেয়ালে মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ করা প্রয়োজন। অন্যথায় যে কোনো সময় হঠাৎকরে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলীর সহিত আলোচনা করা হলে তিনি উক্ত ম্যানহোল সমূহে দ্রুত ম্যানহোল কভার লাগানো সহ ম্যানহোলগুলির উপরাংশের দেওয়াল মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ করার নির্দেশ প্রদান করেন। সেই লক্ষ্যে উল্লেখিত কাজটি সম্পন্ন করার জন্য পিডারিউডি ও ঢাকা ওয়াসার অনুমোদিত রেইট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত হল। প্রাক্কলনের টাকার পরিমাণ দাড়িয়েছে ৳ ৪৮,৭৬১.৩৩ (আটচল্লিশ হাজার সাতশত একষট্টি দশমিক তিন তিন) টাকা মাত্র (বিবেচ্য সংযুক্তি: (৩) প্রস্তাবিত কাজের প্রাক্কলন সদয় দ্রষ্টব্য)। উক্ত কাজের ম্যানহোল কভার সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে এবং অন্যান্য মালামাল ও লেবার ঠিকাদার কর্তৃক সরবরাহ করে কাজ সম্পন্ন করা হবে। বর্ণিত কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-Q2(10) এর সুয়ার লাইন রক্ষণাবেক্ষন খাত হতে নির্বাহ করা হবে। প্রস্তাবিত কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

- ১। (১) ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। (২) ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ।
- ৩। (৩) প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২০/৭/২৩ ৪:১৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার অলোকে Raising of Manhole & Fitting Fixing of Manehole Cover at Holding No-50 SK Das Road, 53 Sk Das Road, 20 Distrillary Road & 39/1 Distrillary Road Gendaria Area Under Mods Zone-1 Dhaka WASA. কাজটি পি.পি.আর-২০০৮ এর বিধি ৭৬/১(ট) অনুযায়ী ঠিকাদার A.F.L Enterprise এর সাথে (DPM) সরাসরি চুক্তি প্রক্রিয়ার মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপস্থাপিত ৳ ৪৮,৭৬১.৩৩ (আটচল্লিশ হাজার সাতশত একষট্টি দশমিক তিন তিন) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

২০/৭/২৩ ৪:১৬ অপরাহ্ন
মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১

২০/৭/২৩ ৪:২৩ অপরাহ্ন
মোঃ ইমদাদুল হক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-১


২৩/৭/২৩ ৮:৩৮ অপরাহ্ন
মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১

২৪/৭/২৩ ৪:৩৬ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১


২৪/৭/২৩ ৪:৩৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৬/৭/২৩ ৯:২২ পূর্বাহ্ন


অনুমোদিত



২৬/৭/২৩ ৯:২২ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৭/৭/২৩ ১০:৫০ পূর্বাহ্ন
মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১



৩১/৭/২৩ ২:৫৮ অপরাহ্ন
মোঃ ইমদাদুল হক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-১

৩১/৭/২৩ ২:৫৮ অপরাহ্ন
মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১